



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫ কাওরান বাজার, ঢাকা -১২১৫

www.iresppw-brdb.gov.bd/Fax-8189129

স্মারকনং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৬৭৩

তারিখ-১১/১২/২০১৭খ্রি:

বিষয়: সঞ্চয় ও ঋণ আদায় কার্যক্রম তদারকি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় সুফলভোগীদের নিজস্ব তহবিল গঠনের লক্ষ্যে সঞ্চয় জমাকরণের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয় এবং একইসাথে আত্মকর্মসংস্থানমূলক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ ও আইজিএ ভিত্তিক আর্থিক সহায়তা (ঋণ) প্রদান করা হয়। কিন্তু মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ সঞ্চয় ও ঋণ আদায়ে সাপ্তাহিক ভিত্তিতে নিয়মিতভাবে সমিতিতে গমন করেন না এবং নিয়মিতভাবে ঋণের শতভাগ কিস্তি আদায় ও সঞ্চয় জমাকরণে উৎসাহিত করেন না যার ফলে ঋণের কিস্তি খেলাপী হচ্ছে এবং কাংখিত পরিমাণ সঞ্চয় জমা হচ্ছে না। সাপ্তাহিক কিস্তিতে কোন সমিতি হতে অর্থ আদায়ে অনিশ্চয়তা থাকলেও নিয়মিতভাবে উক্ত সমিতিতে গমন অব্যাহত রাখতে হবে।

এমতাবস্থায় প্রকল্প বাস্তবায়নের সাথে সরাসরি জড়িত কর্মকর্তা-কর্মচারীদের সাপ্তাহিক ভিত্তিতে নিয়মিতভাবে মাঠে গমন, ঋণের শতভাগ কিস্তি আদায় ও লক্ষ্যমাত্রা অনুযায়ী সঞ্চয় জমাকরণ কার্যক্রম তদারকি করা ও প্রয়োজনে শনিবার বিশেষ সঞ্চয় ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আশরাফুল হক আকন্দ)

সহকারী পরিচালক(উন্নয়ন)

ইরেসপো, বিআরডিবি, ঢাকা

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

বিআরডিবি

উপজেলা :

জেলা :

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা

২। উপপরিচালক, বিআরডিবি, জেলা:

৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা

৪। প্রোগ্রামার(ইরেসপো), বিআরডিবি, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের জন্য)

৫। সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, উপজেলা: জেলা:

৬। পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা

৭। অফিস কপি